

স্থায়ী ক্যাম্পাসের দাবিতে মহাসড়ক অবরোধ

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়

শাহজাদপুর (সিরাজগঞ্জ) প্রতিনিধি
৩১ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মঞ্চ



সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের দাবিতে গতকাল বগুড়া-নগরবাড়ী মহাসড়ক অবরোধ করেন শিক্ষার্থী-শিক্ষকরা। এ সময় রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা গান, নাটক ও বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে বিক্ষোভ করেন। সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ কার্যক্রম চলে। এ সময় শিক্ষক-শিক্ষার্থীরা প্রতিবাদী গানে ও কবিতায় স্থায়ী ক্যাম্পাস নির্মাণের দাবি তুলে ধরেন। গত ২৬ জুলাই রবীন্দ্র বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি বয়কটের মধ্য দিয়ে তারা ডিপিপির দ্রুত অনুমোদন ও পূর্ণ বাস্তবায়নের দাবিতে আন্দোলন করে।